

পোস্ট : সালার :: ব্লক : ভরতপুর-২ :: জেলা : মুর্শিদাবাদ :: পিন : ৭৪২৪০১

২০২০-২১ সেশনে বি.এ. (অনার্স ও প্রোগ্রাম) প্রথম সেমেস্টারে ভর্তির বিজ্ঞপ্তি

এতদ্বারা অবগত করা হচ্ছে যে, মুজফ্ফর আহমেদ মহাবিদ্যালয়ে ২০২০-২১ সেশনে বি.এ. (অনার্স ও প্রোগ্রাম) প্রথম সেমেস্টারে ভর্তির জন্য অনলাইনে আবেদন শুরু হবে আগামী ইংরাজি ১০.০৮.২০২০ (সোমবার) সকাল ১০টা থেকে। আবেদন করা যাবে ইংরাজি ১৯.০৮.২০২০ (বুধবার) রাত্রি ৮টা পর্যন্ত। অনলাইন আবেদনের লিঙ্ক www.salarcollege.com-এই সাইটে পাওয়া যাবে।

:: ভর্তি সংক্রান্ত জ্ঞাতব্য সমূহ ::

- ১। একজন ছাত্র/ছাত্রী যতগুলি ইচ্ছা অনার্স কোর্সে আবেদন করতে পারবে। প্রোগ্রাম কোর্সের জন্য আলাদা আবেদন করতে হবে। অনার্স কোর্সের আবেদন করে প্রোগ্রাম কোর্সে ভর্তি হওয়া যাবে না।
- ২। প্রতিটি কোর্সে আবেদনের জন্য আবেদন ফি বাবদ ১০০ টাকা অনলাইনে পেমেন্ট করতে হবে (ব্যাঙ্ক চার্জ অতিরিক্ত)।
- ৩। ২০১৮ সালের আগে উচ্চমাধ্যমিক পাশ করেছে এমন ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে না।
- ৪। ভোকেশনাল কোর্সের ছাত্র/ছাত্রীরা কোবলমাত্র প্রোগ্রাম কোর্সের জন্য আবেদন করতে পারবে।
- ৫। অনলাইনে আবেদন করার সময় ছাত্র/ছাত্রীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ছবি, স্বাক্ষর, জন্মতারিখের প্রমাণপত্র, উচ্চ মাধ্যমিক / সমতুল্য পরীক্ষার মার্কশিট আপলোড করতে হবে। আপলোডকৃত ছবি ও স্বাক্ষরই পরবর্তী সময়ে বিশ্ববিদ্যালয়ের নথিতে (রেজিস্ট্রেশন, অ্যাডমিট, মার্কশিট ইত্যাদি) ব্যবহৃত হবে।
- ৬। ইউ.জি.সি. নিয়মানুসারে অনলাইন আবেদনপত্রে ছাত্রছাত্রীকে আবশ্যিকভাবে তাদের মোবাইল ফোন নং ও ই-মেল আই.ডি. দিতে হবে। একই ফোন নং বা ই-মেল আইডি একাধিক ছাত্রছাত্রী ব্যবহার করলে প্রত্যেকের ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ৭। অনলাইন ফর্ম ফাইনাল সাবমিট হয়ে গেলে আর কোনো প্রকার সংশোধন করা যাবে না। আবেদনপত্রে যে কোনো ধরনের ভুল-ত্রুটির জন্য আবেদন বাতিল বলে গণ্য হবে এবং সেক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ কোনো ভাবেই দায়ী থাকবে না। আবেদন ফি / ভর্তি ফি ফেরত হবে না।
- ৮। অনলাইনে আবেদন করার পর নির্দিষ্ট সময় শেষ হওয়ার পর কোর্স অনুসারে মেধা তালিকা প্রকাশিত হবে কলেজ ওয়েব সাইটে। একই সঞ্জে বিভিন্ন কোর্সের সিট অনুসারে ভর্তি তালিকা প্রকাশিত হবে। ভর্তি তালিকা নির্দিষ্ট সময়ের মধ্যে অনলাইনে হতে হবে। প্রতিটি তালিকার নির্দিষ্ট সময়ের মধ্যে ভর্তি না হলে, পরবর্তী তালিকার ছাত্রছাত্রীগণ সুযোগ পাবে।
- ৯। কলেজের ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ ভাবে যান্ত্রিক। ভর্তি সংক্রান্ত কোনো কাজের জন্য ছাত্র/ছাত্রীকে কলেজে আসার বা কোন ব্যক্তির সঞ্জে কোনোভাবে যোগাযোগ করার কোনো প্রয়োজন নেই। মেধা তালিকায় নাম দেখে অনলাইনে ভর্তি ফি জমা দিলেই শর্ত সাপেক্ষে* ছাত্র/ছাত্রীর ভর্তি নিশ্চিত হবে।
- ১০। ভর্তি সংক্রান্ত বিষয়ে কেউ টাকা বা অন্য কোনো অসাধু উপায়ে সুবিধা চাইলে তৎক্ষণাৎ ভারপ্রাপ্ত অধ্যক্ষের কাছে অভিযোগ জানান।

* কোভিড-১৯ জনিত আপদকালীন নিয়মে কলেজ বন্ধ আছে। সরকারি নির্দেশ মতো নির্দিষ্ট সময়ে কলেজ খোলা হবে ও ক্লাস শুরু হবে। ক্লাস শুরু হলে ছাত্র/ছাত্রীদের অনলাইনে প্রদত্ত তথ্যের সঞ্জে তাদের আসল নথি পরীক্ষা (ডকুমেন্ট ভেরিফিকেশন) করা হবে। কোনো তথ্য ভুল প্রমাণ হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং সেক্ষেত্রে কোনো ফি ফেরত হবে না।

জব্বুরী সময়সূচী ::

অনলাইন আবেদন	:	১০.০৮.২০২০ সকাল ১০টা থেকে ১৯.০৮.২০২০ রাত্রি ৮টা পর্যন্ত
খসড়া মেধাতালিকা প্রকাশ	:	২০.০৮.২০২০ সকাল ১০ টায়
তালিকা সংক্রান্ত অভিযোগ	:	২০.০৮.২০২০ বেলা ৪টা পর্যন্ত
চূড়ান্ত মেধাতালিকা প্রকাশ	:	২১.০৮.২০২০ সকাল ১০টা
১ম তালিকা অনুযায়ী ভর্তি	:	২১.০৮.২০২০ বেলা ১২ টা থেকে ২৫.০৮.২০২০ রাত্রি ৮টা পর্যন্ত
২য় তালিকা অনুযায়ী ভর্তি	:	২৬.০৮.২০২০ বেলা ১২ টা থেকে ২৮.০৮.২০২০ রাত্রি ৮টা পর্যন্ত
৩য় তালিকা অনুযায়ী ভর্তি	:	২৯.০৮.২০২০ বেলা ১২ টা থেকে ৩১.০৮.২০২০ রাত্রি ৮টা পর্যন্ত

(মেধা ও ভর্তি সংক্রান্ত ক্রম তালিকার বিস্তারিত বিজ্ঞপ্তি কলেজ ওয়েব সাইটে নির্দিষ্ট সময়ে পাওয়া যাবে)

আদেশানুসারে

কলেজ কর্তৃপক্ষ